

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, খুলনা।

অ ফ স আ দে শ
নং-১২.০২.৪৭০০.০৩৯.১৯.১৪.১৭- তাং-

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা জেলার অধীনে কর্মরত নিম্নোক্ত অফিস সহায়ককে নামের পার্শ্বে বর্ণিত বর্তমান কর্মস্থল হতে নতুন কর্মস্থলে বদলী করা হলো।

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	বর্তমান কর্মস্থল	বদলীকৃত নতুন কর্মস্থল	মন্তব্য
১	২	৩	৪	৫
০১.	জনাব জলি সরকার অফিস সহায়ক	উপজেলা কৃষি অফিস দাকোপ, খুলনা।	উপজেলা কৃষি অফিস বটিয়াঘাটা, খুলনা।	


জনস্বার্থে এই আদেশ জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/- মোঃ নজরুল ইসলাম
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, খুলনা।
ফোন: ০২৪৪-১১১৪৮৬।

স্মারক নং-১২.০২.৪৭০০.০৩৯.১৯.১৪.১৭- ৪৬৬-৬৫

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা। সদয় জ্ঞাতার্থে।
- ২। উপজেলা কৃষি অফিসার, দাকোপ, খুলনা। ইহা আপনার ২২/০২/২০২৬ খ্রিঃ তারিখের ১২.০২.৪৭১৭.০০০.০৩৯.১৯.০১৬.২৬-১০২ নং স্মারকের প্রস্তাব মোতাবেক সম্পন্ন করা হলো।
- ৩। উপজেলা কৃষি অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
- ৪। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, দাকোপ/বটিয়াঘাটা, খুলনা।
- ৫। জনাব জলি সরকার, অফিস সহায়ক, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, দাকোপ, খুলনা।


০২/০৩/২৬
(মোঃ নজরুল ইসলাম)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, খুলনা।
ফোন: ০২৪৪-১১১৪৮৬।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা।
www.dae.dakop.khulna.gov.bd

স্মারক নং-১২.০২.৪৭১৭.০০০.০৩৯.১৯.০০১৬.২৬.১০২

তারিখ ০৯ই ফাল্গুন ১৪৩২ বঃ
২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

বরাবর

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, খুলনা।

বিষয়: জলি সরকার, অফিস সহায়ক, দাকোপ, খুলনা এর বটিয়াঘাটা উপজেলায় বদলীর আবেদনপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরে কর্মরত জলি সরকার, অফিস সহায়ক তার বদলীর আবেদনপত্র দাখিল করেছেন। সংশ্লিষ্ট কর্মচারীর স্ব-ব্যাখ্যায়িত বদলীর আবেদনপত্র নিম্ন ছকপত্র মোতাবেক অত্রসাথ সংযুক্ত করে মহোদয়ের দপ্তরে প্রেরণ করা হ'ল।

ক্রঃ নং	কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী ও বর্তমান কর্মস্থলের নাম	নিজ জেলা	জন্ম তারিখ	সরকারী চাকুরীতে প্রথম যোগদানের তারিখ	বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ	বর্তমান কর্মস্থলের পূর্বের কর্মস্থলের নাম	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	
১	জলি সরকার অফিস সহায়ক দাকোপ, খুলনা	খুলনা	২২/০১/১৯৯১ খ্রিঃ	০১/১১/২০১৬ খ্রিঃ	১০/১০/২০১৯ খ্রিঃ	উপজেলা কৃষি অফিস, বাগেরহাট সদর, বাগেরহাট।	মানবিক দিক বিবেচনা পূর্বক সুপারিশ সহকারে প্রেরণ করা হলো।

সংযুক্তি: আবেদনপত্র ০২ (দুই) কপি।

(মোঃ শফিকুল ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
দাকোপ, খুলনা।

H/A
240417

প্রাপ্তি নম্বর ২৩৭
তারিখ ২২/০২/২০২৬
নথি নং

তারিখ: ২২/০২/২০২৬ খ্রিঃ

উপজেলা কৃষি অফিস
দাকোপ, খুলনা।

বরাবর

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, খুলনা।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।


বিষয়: উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, দাকোপ, খুলনা থেকে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বাটিয়াঘাটা, খুলনায় বদলীর জন্য আবেদন।

জনাব

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি জলি সরকার, ০১/১১/২০১৬ খ্রিঃ তারিখে অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনার অধীনে অফিস সহায়ক পদে প্রথম যোগদান করি এবং পদায়নের ভিত্তিতে ০৩/১১/২০১৬ খ্রিঃ তারিখে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বাগেরহাট সদর, বাগেরহাটে যোগদান করি। পরবর্তীতে ১০/১০/২০১৯ খ্রিঃ তারিখে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, দাকোপ, খুলনাতে বদলী যোগে যোগদান করিয়া অদ্যাবধি কর্তৃপক্ষের দিক নির্দেশনা মোতাবেক দায়িত্ব ও কর্তব্য পালন করে আসছি। চাকরির সুবাদে আমি আমার কর্মস্থল চালনায় অবস্থান করছি। বর্তমানে আমার একমাত্র ০৪ বছর বয়সী শিশু মেয়েকে বাড়িতে দেখাশুনা করার মতো কেউ নেই। আমার স্বামী কর্মসূত্রে বাগেরহাট জেলার মোড়লগঞ্জ উপজেলায় থাকেন। আমার স্বশুর-শাশুড়ি কেউই জীবিত নেই। বর্তমান কর্মস্থলে অবস্থান করে কর্মস্থলের দায়িত্ব পালনের পাশাপাশি আমার সন্তান ও পরিবার দেখাশোনা করা আমার জন্য অত্যন্ত কষ্টসাধ্য। এমতাবস্থায়, আমার নিজ উপজেলায় অবস্থিত উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বাটিয়াঘাটা, খুলনায় বদলীর জন্য আবেদন জানাইতেছি।

অতএব, মহোদয়ের নিকট বিনীত নিবেদন এই যে, সার্বিক দিক বিবেচনা পূর্বক আমাকে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, দাকোপ, খুলনা হতে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বাটিয়াঘাটা, খুলনায় বদলীর সুব্যবস্থা করতে মহোদয়ের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক



(জলি সরকার)

অফিস সহায়ক

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়

দাকোপ, খুলনা।

মোবাইল নং-০১৯৩৬-৬২৫৩৫২